“যে বিষয়ে তোমার সন্দেহ হয়, তা ছেড়ে দাও আর যাতে কোন সন্দেহ নেই তা গ্রহণ কর।”

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নাতি এবং তাঁর প্রিয়জন আবু
মুহাম্মদ আল-হাসান ইবনে আলী ইবনে আবি তালিব - এর সূত্রে বর্ণিত, তিনি বলেন: আমি
আল্লাহর রাসূলের কাছ থেকে মুখস্থ করেছি: “যে বিষয়ে তোমার সন্দেহ হয়, তা ছেড়ে দাও আর যাতে কোন সন্দেহ নেই তা গ্রহণ কর।” [সহীহ] [এটি তিরমিযী ও নাসায়ী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে সেই সমস্ত কথা ও কাজ থেকে বিরত থাকার নির্দেশ দিয়েছেন যেগুলো সম্পর্কে আমরা সন্দেহযুক্ত, হারাম বা হালাল কোনটিই পরিষ্কার নয়—এবং আমাদের নির্দেশ দিয়েছেন এমন জিনিস গ্রহণ করতে যা সম্পর্কে কোনো সন্দেহ নেই, যা ভালো এবং হালাল হওয়া নিশ্চিত।

https://sunnah.global/hadeeth/bn/show/66519